



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
VIDYASAGAR UNIVERSITY

Question Paper

B.A Honours Examinations 2022

(Under CBCS Pattern)

Semester - IV

Subject : BENGALI

Paper : C 8-T

Full Marks : 60

Time : 3 Hours

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ১। 'বঙ্গের গ্যারিক' কাকে বলা হয়? তাঁর দুটি পৌরাণিক নাটকের নাম লেখো। ১+১
- ২। 'এবং ইন্দ্রজিৎ' নাটকটি কার লেখা? এটি কত সালে কোথায় প্রথম অভিনীত হয়েছিল? ১+১
- ৩। কোন কথাসাহিত্যিককে 'কল্লোলের কুলবর্ধন' বলা হয়? তাঁর লেখা দুটি উপন্যাসের নাম লেখো। ২
- ৪। বিরসা মুণ্ডা কোন্ উপন্যাসের চরিত্র? উপন্যাসটির লেখক কে? ১+১
- ৫। পরশুরাম কোন্ লেখকের ছদ্মনাম? তাঁর লেখা দুটি গল্পগ্রন্থের নাম লেখো। ১+১
- ৬। 'বাংলার মোপাসাঁ' নামে পরিচিত কে? তিনি তাঁর কোন্ গল্পের প্লট রবীন্দ্রনাথের কাছ থেকে পেয়েছিলেন? ১+১

P.T.O.

- ৭। 'অতিথি' গল্পের নায়ক কে? কার সঙ্গে তার বিবাহ ঠিক হয়েছিল? ১+১
- ৮। নেতিভ স্টেট অঞ্জনগড়ের কথা কোন্ গল্পে রয়েছে? এই গল্পের বলিষ্ঠ প্রতিবাদী চরিত্রটির নাম কী? ১+১

বিভাগ-খ

যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ৯। দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি সমকালের জ্বলন্ত আর্থ-সামাজিক দলিল।—মন্তব্যটি কতটা যুক্তিযুক্ত, তা বিচার করো।
- ১০। বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটকটি গণজীবনের প্রতিচ্ছবি।—মন্তব্যটি আলোচনা করো।
- ১১। বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা' উপন্যাসে রাত্রির ভূমিকা পর্যালোচনা করো।
- ১২। 'বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' জনজীবনের প্রতিচ্ছবি'—মন্তব্যটি আলোচনা করো।
- ১৩। 'সমাপ্তি' গল্পের মৃন্ময়ী চরিত্রটি আলোচনা করো।
- ১৪। 'কচি-সংসদ' গল্পে যে হাস্যরস প্রকাশিত হয়েছে, তা সংক্ষেপে আলোচনা করো।

বিভাগ-গ

যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

- ১৫। ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান আলোচনা করো।
- ১৬। বাংলা উপন্যাসের ইতিহাসে মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।
- ১৭। বাংলা ছোটগল্পের ধারায় সুবোধ ঘোষের অবদান আলোচনা করো।
- ১৮। 'অতিথি' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- ১৯। 'তারিণী মাঝি' গল্পে তারিণীর বেঁচে ওঠার মধ্যে দিয়ে যে জীবন-পিপাসা ফুটে উঠেছে, তা আলোচনা করো।